সহিংস বিক্ষোভের পর ফ্রান্সের কয়েকটি শহরে কারফিউ



ছবি: সংগৃহীত

সপ্তাহান্তে বিক্ষোভ ও সহিংসতার ঘটনার পর ফ্রান্সের কয়েকটি শহরে আংশিক কারফিউ জারি করেছে কর্তৃপক্ষ। দোকানপাট ও ব্যবসাপ্রতিষ্ঠানের নিরাপত্তা নিশ্চিত করতে স্থানীয় প্রশাসনকে এ ব্যবস্থা নেওয়ার আহ্বান জানিয়েছেন দেশটির প্রধানমন্ত্রী সেবাস্তিয়াঁ লেকর্নু।

সোমবার তিনি জানান, সাম্প্রতিক বছরগুলোর মধ্যে কয়েকটি গুরুতর সড়ক সহিংসতার ঘটনা ঘটেছে। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে শহরভেদে নির্দিষ্ট এলাকায় কারফিউ জারির উদ্যোগ নেওয়া হয়েছে।

প্যারিসের প্লাস দ্য লা রিপাবলিক ও লে আল শপিং এলাকার আশপাশে সোমবার রাত ১১টা থেকে মঙ্গলবার সকাল ৬টা পর্যন্ত কারফিউ ঘোষণা করা হয়। এ ছাড়া সোমবার রাত ৮টা থেকে পুরো শহরে জমায়েত ও বিক্ষোভ নিষিদ্ধ করে পুলিশ।

লিয়ঁ, নিস ও কুলেন শহরেও সোমবার রাতের জন্য কারফিউ জারি করা হয়। এসব ব্যবস্থার কয়েকটি শুধু অপ্রাপ্তবয়স্কদের জন্য প্রযোজ্য। উত্তর-পূর্বাঞ্চলীয় লিল শহর ও আশপাশের আরও তিনটি পৌর এলাকায় সোমবার ও মঙ্গলবার রাতে কারফিউ কার্যকর করা হয়।

শিক্ষাপ্রতিষ্ঠানের পরিস্থিতি নিয়ে শিক্ষার্থীদের দেশব্যাপী বিক্ষোভ থেকেই সাম্প্রতিক অস্থিরতার সূত্রপাত। এর মধ্যে সোমবার সকালে স্বরাষ্ট্রমন্ত্রী লরাঁ নুনেজ পদত্যাগের প্রস্তাব দিলেও তা গ্রহণ করেননি প্রেসিডেন্ট ইমানুয়েল ম্যাক্রোঁ।

প্রেসিডেন্টের কার্যালয় এলিসি প্রাসাদ জানিয়েছে, পুলিশ ও নিরাপত্তা বাহিনীর নেতৃত্বে ধারাবাহিকতা বজায় রাখতে নুনেজকে দায়িত্বে থাকার নির্দেশ দিয়েছেন ম্যাক্রোঁ। একই সঙ্গে লুটপাট ঠেকাতে নতুন কৌশল তৈরির নির্দেশও দিয়েছেন তিনি।